6

দৈনিক সংবাদ

তারিখ ... 19 AUG 1998 ...
পৃষ্ঠা ১২ ... কলাম ...৫...

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে উত্তপ্ত ক্যাম্পাস

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম ঃ বাংলাদেশ ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ ও ধাওয়া–পাল্টা ধাওয়ার ঘটনায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস গতকাল আবার উত্তপ্ত হয়ে উঠেছে। ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী এক গ্রুপের হামলায় অপর গ্রুপের একজন কর্মী গুরুতর আহত হয়ে বর্তমানে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়ছে। সংঘর্ষ থামাতে পুলিশকে মৃদু লাঠিচার্জ ও কয়েক রাউন্ড টিয়ার গ্যাস ছুড়তে হয়। ক্যাম্পাসে ফাঁকা গুলি বর্ষণের ঘটনাও ঘটে।

আমাদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা হামিদউল্লাহ জানান ঃ গত সোমবার গ্রেফতারকৃত ছাত্রলীগ নেতা রাসেল জাহান সুমনের মুক্তির দাবিতে কর্মসূচি নেয়ার সময় ছাত্রলীগের দু' গ্রুপের মধ্যে নেতৃত্ব নিয়ে কোন্দল শুরু হলে গতকাল ক্যাম্পাস উত্তপ্ত হয়ে উঠে। ফলে ছাত্রলীগের সভা ভেঙে যায়। দুপুর ১টা ২০ মিনিটের ট্রেন ছাড়ার মুহূর্তে উভয় গ্রুপ সংঘর্ষে লিপ্ত হলে পুলিশ মৃদু লাঠিচার্জ করে তাদের ছত্রভঙ্গ করে দেয়।

এর পরপরই বেলা পৌনে দু'টায় শাহ আমানত হলের পূর্ব পাশের একটি হোটেল থেকে একদল সশস্ত্র ক্যাডার প্রতিপক্ষের নেতা গোপাল কৃষ্ণ পালকে চারদিক থেকে ঘিরে ধরে রামদা দিয়ে ডান হাতে আঘাত করলে তিনি মারাত্মক আহত হয়ে মাটিতে পড়ে যান। তখন তার পায়ে এবং শরীরের বিভিন্ন স্থানে আঘাত করে তারা।

আহত গোপালকে প্রথমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হাসপাতালে নেয়া হয় এবং প্রাথমিক চিকিৎসাশেষে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠিয়ে দেয়া হয়। কর্তব্যরত ডাক্তার বলেছেন, তার অবস্থা আশঙ্কাজনক। গোপাল কৃষ্ণ পাল অর্থনীতি দ্বিতীয় বর্ষের ছাত্র।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সভাপতি শাহজাহান চৌধুরী ও সাধারণ সম্পাদক মোঃ কলিম ক্যাম্পাসে বিশৃংখলা সৃষ্টিকারীদেরকে 'ছাত্রলীগ নামধারী' সন্ত্রাসী বলে অভিহিত করেছেন। গতকাল সংঘর্ষ চলাকালে এক পক্ষের নেতৃত্ব দেন ছাত্রনেতা রেজাউল করিম উজ্জ্বল ও অপর পক্ষের নেতৃত্ব দেন শফিকুর রহমান। অপর এক বিবৃতিতে চঃ বিঃ সাংবাদিক সমিতি কতিপয় ছাত্রলীগ কর্মীর মুক্তকণ্ঠের সাংবাদিক ও পূর্বকোণের ফটোগ্রাফারের সাথে অশোভন আচরণের নিন্দা জানিয়েছেন।